গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-০৩ ।

(২)

ফাল্গুন, ১৪১৮ বঙ্গাব্দ ।

নং-৪৭.০৩২.০১৫.০৬১.০০১.২০১১.

তারিখ : .....
মার্চ, ২০১২ খ্রিস্টাব্দ ।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন সমবায় অধিদপ্তরের রংপুর বিভাগের বিভাগীয় সমবায় অফিসের সেট-আপ অনুমোদন, বিসিএস (সমবায়) ক্যাডার এর পদ স্থায়ীভাবে সৃজনসহ অন্যান্য পদ অস্থায়ীভাবে সৃজন ।

জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতিক্রমে এবং বাস্তবায়ন অনুবিভাগের মাধ্যমে বেতনস্কেল যাচাই, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন এবং মাননীয় প্রধানমন্ত্রীর সদয় সম্মতির আলোকে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে রাজস্ব বাজেটের আওতায় নিম্নোক্ত ছকে ১-৩ নং ক্রমিকে বর্ণিত বিসিএস (সমবায়) ক্যাডারের পদ সমূহ স্থায়ীভাবে সৃজন ও ৪-১৬ ক্রমিকে বর্ণিত পদগুলো অস্থায়ীভাবে সৃজনের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা যাচ্ছে ঃ

ক্র: নং:	পদের নাম		পদসংখ্যা
০১.	যুগ্ম-নিবন্ধক	↔	০১(এক)টি
০২.	উপ-নিবন্ধক	↔	০২(দুই)টি
০৩.	সহকারী নিবন্ধক	↔	০২(দুই)টি
০৪.	অডিটর	↔	০১(এক)টি
০৫.	পরিদর্শক	↔	০৩(তিন)টি
০৬.	মহিলা পরিদর্শক	↔	০১(এক)টি
০৭.	সহকারী মহিলা পরিদর্শক	↔	০১(এক)টি
০৮.	প্রধান সহকারী	↔	০১(এক)টি
০৯.	পি.এ.-কাম-কম্পিউটার অপারেটর	↔	০১(এক)টি
১০.	উচ্চমান সহকারী	↔	০১(এক)টি
১১.	অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর	↔	০২(দুই)টি
১২.	হিসাব রক্ষক	↔	০১(এক)টি
১৩.	গাড়ী চালক	↔	০১(এক)টি
১৪.	নাইটগার্ড	↔	০১(এক)টি
১৫.	এম. এল. এস. এস.	↔	০৫(পাঁচ)টি
১৬.	সুইপার	↔	০১(এক)টি
	মোট =	↔	২৫ (পঁচিশ)টি ।

০২ । স্থায়ী ও অস্থায়ীভাবে সৃজিত উল্লিখিত পদসমূহের ব্যয় ভার চলতি অর্থ বছরের (২০১১-২০১২) বাজেট কোড নং- ৩৮-পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, কোড নং-৩৮৩১ সমবায় অধিদপ্তর এবং কোড নং-৩৮৪৫ সমবায় প্রশিক্ষণ ও শিক্ষা এর বাজেট মঞ্জুরি হতে নির্বাহ করা হবে ।

০৩ । অস্থায়ীভাবে সৃজিত পদগুলি (ক্রমিক নং-৪-১৬) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের জারীকৃত মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ নং সরকারী আদেশ অনুযায়ী বছর ভিত্তিক সংরক্ষণ করা হবে এবং এ আদেশের মাধ্যমে অস্থায়ীভাবে সৃজিত পদগুলির সংরক্ষণ মেয়াদ আগামী ৩১/৫/২০১২ পর্যন্ত বলবৎ থাকবে ।

০৪ । মন্ত্রিপরিষদ বিভাগের আদেশের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়কে প্রদত্ত ক্ষমতাবলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হ'ল ।

(সাহানা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫ ৫৫ ০১৩ ।

অপর পৃষ্ঠায় দেখুন :